



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/26/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল হারিকেন হেলেনার আগে নর্থ ক্যারোলিনায় দ্রুত জল থেকে উদ্ধারকারী টিম এবং সরঞ্জাম মোতায়েন করেছেন

স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগ থেকে স্টেট কর্মচারী এবং কুকুর, অগ্নি প্রতিরোধ ও নিয়ন্ত্রণ অফিস, পরিবেশমূলক সংসরক্ষণ বিভাগ এবং স্টেট পুলিশ পথে আছে

ক্যাটাগরি 3 হারিকেনের ফ্লোরিডায় আজ রাতে বা আগামীকালের শুরুর দিকে আগমন হতে পারে বলে প্রত্যাশিত

ছবি পাওয়া যাবে [এখানে](#)

গভর্নর ক্যাথি হোকল আজ হারিকেন হেলেনা দ্বারা ক্ষতিগ্রস্ত সম্প্রদায়গুলিকে সহায়তা করার জন্য 16জন দ্রুত জল থেকে উদ্ধারকারী কর্মী, দুটি কুকুর এবং জরুরী অবস্থায় প্রতিক্রিয়ার সরঞ্জামের একটি দল মোতায়েন করার ঘোষণা করেছেন। স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগ, অগ্নি প্রতিরোধ ও নিয়ন্ত্রণ অফিস, পরিবেশমূলক সংসরক্ষণ বিভাগ এবং স্টেট পুলিশের সদস্যদের নিয়ে গঠিত এই দলটি নর্থ ক্যারোলিনার কনভারে যাচ্ছে যেখানে তারা নির্দেশ অনুসারে মোতায়েন করবে।

"নিউ ইয়র্কবাসীরা তাদের উদাহরণ অনুযায়ী নেতৃত্ব দেন এবং হতাশার সময়ে আমাদের প্রতিবেশীদের সাহায্য করেন," **গভর্নর হোকল বলেছেন।** "আমাদের বিশেষজ্ঞ দ্রুত জল থেকে উদ্ধারকারী টিম এবং তারা যে সরঞ্জামগুলি তাদের সাথে নিয়ে আসবেন তা প্রাণ বাঁচাতে এবং হারিকেন হেলেনা থেকে সম্পত্তির সম্ভাব্য ধ্বংস থেকে রক্ষা করতে সহায়তা করবে। আহ্বানে সাড়া দেওয়ার জন্য এই সাহসী নিউ ইয়র্কবাসীদের আমি ধন্যবাদ জানাই এবং তাদের নিরাপদ প্রত্যাগমনের প্রতীক্ষায় থাকব।"

এই দলটি মানুষ এবং প্রাণীদের জন্য অনুসন্ধানের পরিচালনা এবং জল থেকে উদ্ধার করতে পারে, জরুরী চিকিৎসামূলক পরিষেবা প্রদান করতে পারে এবং হেলিকপ্টার দ্বারা উদ্ধারের অভিযানে সহায়তা করতে পারে। রাস্তাঘাট, ইউটিলিটি, পরিবহন এবং চিকিৎসাগত সুবিধার আপোসহীন অ্যাক্সেস এবং আশ্রয়, খাদ্য ও জলের সীমিত উপলব্ধতা সহ এলাকাগুলিতে কাজ করার জন্য তাদের প্রশিক্ষণ দেওয়া হয়। দলের সাথে নর্থ ক্যারোলিনায় পাঠানো সরঞ্জামগুলির

मध्ये রয়েছে জোড়িয়াক বোট এবং ট্রেলার সহ মোটর, দুটি উচ্চ-জল উদ্ধারকারী যান এবং ড্রোন।

দেশের সর্ব-বিপদ জাতীয় পারস্পরিক সহায়তা ব্যবস্থা, ইমার্জেন্সি ম্যানেজমেন্ট অ্যাসিস্ট্যান্স কমপ্যাক্টের (EMAC) অংশ হিসেবে কর্মীদের মোতায়েন করা হয়েছিল। EMAC মার্কিন যুক্তরাষ্ট্রের কংগ্রেস (PL 104-321) দ্বারা অনুসমর্থিত হয়েছে এবং এটি সমগ্র 50টি রাজ্যের আইন, ডিস্ট্রিক্ট অফ কলম্বিয়া, পুয়ের্তো রিকো, গুয়াম, মার্কিন ভার্জিন দ্বীপপুঞ্জ এবং নর্দান মারিয়ানা দ্বীপপুঞ্জ। EMAC-এর সদস্যরা সমস্ত শৃঙ্খলা থেকে সংস্থানগুলি ভাগ করে নিতে পারেন, নিয়োজিত কর্মীদের রক্ষা করতে পারেন এবং মিশন-সম্পর্কিত খরচের জন্য অর্থ পরিশোধ করতে পারেন।

স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগের কমিশনার জ্যাকি ব্রে বলেছেন, “একটি সম্প্রদায়ের উপর খারাপ আবহাওয়া যে প্রভাবগুলি ফেলতে পারে নিউ ইয়র্কবাসীরা তা সম্পর্কে ভালোভাবেই জানেন। আমরা সর্বদাই চাহিদাসম্পন্ন অন্য রাজ্যগুলিকে সাহায্য করার জন্য হাত বাড়িয়ে দিতে ইচ্ছুক, এবং যারা হারিকেন হেলেনা দ্বারা ক্ষতিগ্রস্ত হবেন তাদের জন্য সহায়তা প্রদানের জন্য যারা বর্তমানে এগিয়ে যাচ্ছেন তাদের আমরা ধন্যবাদ জানাই।”

পরিবেশ সংরক্ষণ বিভাগের অন্তর্বর্তীকালীন কমিশনার শন মাহার বলেছেন, “DEC ফরেস্ট রেঞ্জাররা দেশের সব চেয়ে উচ্চ প্রশিক্ষিত অনুসন্ধান এবং উদ্ধারকারী পেশাদারদের মধ্যে এক এবং আমরা ভাগ্যবান যে তারা সর্বদা অন্য রাজ্যের প্রয়োজনের আহবানে সাড়া দিতে ইচ্ছুক। হারিকেন হেলেনার আগমনের প্রস্তুতি অব্যাহত থাকায়, আমি আমাদের বিশেষজ্ঞদের ধন্যবাদ জানাই চ্যালেঞ্জটি গ্রহণ করার জন্য এবং নিউ ইয়র্ক স্টেট জুড়ে বীরদের একটি দলে যোগ দেওয়ার জন্য।”

নিউ ইয়র্ক স্টেট পুলিশের সুপারিন্টেনডেন্ট স্টিভেন জি জেমস বলেছেন, “নিউ ইয়র্ক স্টেট পুলিশ সর্বদাই যেখানেই প্রয়োজন সেখানে সহায়তার আহ্বানের উত্তর দিয়েছে। আমরা এই জরুরী পরিস্থিতি প্রশমিত করতে স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগের এবং অগ্নি প্রতিরোধের অফিস এবং পরিবেশমূলক সংরক্ষণ বিভাগের সাথে হাতে হাত মিলিয়ে কাজ করতে পেরে গর্বিত। আমাদের সদস্যরা যতদিন প্রয়োজন হবে ততদিন জননিরাপত্তা এবং পুনরুদ্ধারের প্রচেষ্টায় আমাদের অংশীদারদের সহায়তা করবে।”

সুইফ্ট ওয়াটার টিম হল নিউ ইয়র্ক স্টেটের জরুরী পরিস্থিতিতে সাহায্য করার জন্য অন্যান্য রাজ্যে সহায়তা পাঠানোর সর্বশেষ উদাহরণ। এই গ্রীষ্মের শুরু থেকে, গভর্নর হোকল মন্টানা এবং ওরেগনের দাবানলগুলির মোকাবেলায় 26 জন DEC ফরেস্ট রেঞ্জার সহ মোট 45 জন নিউ ইয়র্কবাসীকে মোতায়েন করেছেন। নিউ ইয়র্কের দক্ষভাবে প্রশিক্ষিত বন্যভূমির অগ্নিনির্বাপক কর্মীরা টাস্ক ফোর্সের নেতা, ফ্যাসিলিটিসমূহের ইউনিটের নেতা, ইঞ্জিন ক্রু এবং দমন দল হিসেবে কাজ করেন। একজন ফরেস্ট রেঞ্জার ওরেগনের উমপকুয়া ন্যাশনাল ফরেস্টের হোমস্টেড কমপ্লেক্সের অগ্নিকাণ্ডে মোতায়েন রয়েছেন এবং 9 অক্টোবর তাঁর বাড়ি ফেরার কথা রয়েছে।

বর্তমানে একটি ক্যাটাগরি 3 বাড়় হিসেবে হারিকেন হেলেনা ফ্লোরিডার বিগ বেড় এলাকায় আজ রাতে বা শুক্রবারের প্রথম দিকে জোরালো হয়ে গিয়ে প্রবেশ করবে এবং 100 মাইল প্রতি ঘণ্টার কাছাকাছি বাতাস বয়ে আনবে বলে অনুমান করা হচ্ছে। আগমনের পরে, হেলেনা উত্তর-পশ্চিম দিকে ঘুরবে এবং শুক্র ও শনিবার টেনেসি ভ্যালির উপর দিয়ে ধীরগতি হবে বলে প্রত্যাশিত।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)